

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০২.২১.১৬৬

তারিখ: ২৭ আষাঢ় ১৪২৮

১১ জুলাই ২০২১

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-২১০৪/২০২১ মামলা পরিচালনার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরীর 'ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ' এ প্রশাসনিক কর্মকর্তা পদে নিয়োগ পরীক্ষার খাতা মূল্যায়নের সময় সংগঠিত অনিয়মের অভিযোগ প্রমাণিত হওয়ায় জনাব ফাতেমা জোহরা হক এর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে গভর্নিং বডি সদস্য পদে হতে অব্যাহতি/গভর্নিং বডিকে চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়েছিল। এই নির্দেশনা বিরুদ্ধে জনাব ফাতেমা জোহরা হক সিনিয়র শিক্ষক (ইংরেজি) মূল প্রভাতী (সিনিয়র) ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, নিউ বেইলী রোড, ঢাকা মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-২১০৪/২০২১ মামলা দায়ের করেন। মামলার বিবরণ নিম্নরূপ:

মামলা নং	যে সংক্রান্ত মামলা	বাদীর নাম ঠিকানা	বিবাদীর নাম
২১০৪/২০২১	নিয়োগ পরীক্ষার খাতা মূল্যায়নের সময় সংগঠিত অনিয়মের অভিযোগ	জনাব ফাতেমা জোহরা হক, সিনিয়র শিক্ষক (ইংরেজি) মূল প্রভাতী (সিনিয়র) ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ১/এ নিউ বেইলী রোড, ঢাকা।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকাসহ মোট ৯ (নয়) জন।

২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-২১০৪/২০২১ মামলা পরিচালনার বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে সর্বশেষ মামলার তথ্য এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১১-৭-২০২১

মো: আব্দুল জলিল মজুমদার  
সহকারী সচিব

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০২.২১.১৬৬/১

তারিখ: ২৭ আষাঢ় ১৪২৮

১১ জুলাই ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১১-৭-২০২১

মো: আব্দুল জলিল মজুমদার  
সহকারী সচিব